

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২২৭

তারিখঃ ০৮/০৫/১৯শ্রিঃ


বিষয়ঃ মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের জন্য ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির মাঠ পর্যায়ের কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, কিছু সংখ্যক উপজেলায় বিগত জুলাই/২০১৮ শ্রিঃ মাসের তুলনায় বর্তমানে মেয়াদোত্তীর্ণ খেলাপির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ইতোপূর্বে খেলাপি ঋণ আদায়ের জন্য বিশেষ অভিযান/ক্রম প্রোগ্রাম পরিচালনা, নিয়মিত সাপ্তাহিক কিস্তি আদায়, খেলাপি সদস্যের বিরুদ্ধে সার্টিফিকেট মামলাসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বারংবার নির্দেশনা দেয়া সত্ত্বেও ইউআরডিও কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণ/তদারকি না করায় কিছু সংখ্যক উপজেলায় খেলাপি ঋণের পরিমাণ না কমে উপরোক্ত আশংকাজনক হারে বৃদ্ধি পেয়েছে। যে সকল উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে তার বিবরণ নিম্নরূপঃ

(লক্ষ টাকা)

ক্র. নং	উপজেলার নাম	বর্তমান ঋণ স্থিতি	খেলাপি ঋণের পরিমাণ			মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধি (মার্চ/১৯-জুলাই/১৮)
			কিস্তি খেলাপি	মেয়াদোত্তীর্ণ খেলাপি		
				মার্চ/১৯ শ্রিঃ	জুলাই/১৮ শ্রিঃ	
০১	বামনা	১১১.২৬	১১.৫৭	৯.২৫	১৫.৮৭	৬.৬২
০২	মেহেন্দীগঞ্জ	১১৫.৩৭	২৫.৯২	৭.৪৭	১৩.৯৫	৬.৪৮
০৩	বোরহানউদ্দিন	৯১.৪২	১৪.৮৬	২০.৫৬	৩০.৪৫	৮.৮৯
০৪	দুমকী	১৪৮.০৮	৩৬.৭৫	৮.৩৩	১৫.৪৬	৭.১৩
০৫	মির্জাগঞ্জ	১৪২.০০	৩৪.২১	১১.৩৮	১৪.৯৬	৩.৫৮
০৬	মঠবাড়িয়া	৯৪.০১	১২.৯৬	১৫.১২	১৫.১৮	০.০৬
০৭	পিরোজপুর সদর	১৪৯.৪০	৪৭.৯০	৭.৫৩	১৫.৫৫	৮.০২
০৮	মনিরামপুর	১৬৩.৪৭	৪২.৪৮	১৫.৪৫	১৯.৬০	৪.১৫
০৯	চুয়াডাঙ্গা সদর	১৪৪.৪৯	৩৭.৯১	১৪.৫২	১৪.৭১	০.১৯
১০	কয়রা	১৬৪.৬৩	৪৩.৫৪	১.২১	৯.৮৬	৮.৬৫
১১	শ্রীপুর, মাগুরা	১৫৩.৪১	৬০.৬৫	০.৮০	১৬.৮৬	১৬.০৬

০২ উপজেলায় বিআরডিবি'র দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে আপনার উদাসীনতা, অদক্ষতা ও তদারকির অভাবে এহেন অবস্থার সৃষ্টি হয়েছে মর্মে প্রতীয়মান। কর্তব্যকর্মে অবহেলার জন্য কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা আগামী ১৯/০৫/২০১৯শ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদ আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, বামনা/মেহেন্দীগঞ্জ/বোরহানউদ্দিন/দুমকী/মির্জাগঞ্জ/মঠবাড়িয়া
/পিরোজপুর সদর/মনিরামপুর/চুয়াডাঙ্গা সদর/কয়রা/শ্রীপুর-মাগুরা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১. পরিচালক(প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপপরিচালক(প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, বিআরডিবি, বরগুনা/বরিশাল/ভোলা/পটুয়াখালী/পিরোজপুর/যশোর/চুয়াডাঙ্গা/খুলনা/মাগুরা।
৬. ব্যক্তিগত নথি / গার্ড ফাইল।